

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ প্রয়োজনীয় সূরা সমূহ (السور الضرورية) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

(১) সূরা যিলযাল

সূরা ফাতিহা পাঠের পরে অন্যান্য সূরা সমূহ হ'তে কিংবা নিম্নোক্ত সূরা সমূহ হ'তে প্রথম দু'রাক'আতে যেকোন দু'টি সূরা ক্রমানুযায়ী পাঠ করবে।

(১) সূরা যিলযাল (ভূমিকম্প) সূরা-৯৯, মাক্কী:

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا (1) وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا (2) وَقَالَ الْإِنْسَانُ مَا لَهَا (3) يَوْمَئِذِ تُحَدِّثُ أَخْبَارَهَا (4) بِأَنَّ رَبَّكَ أَوْحَى لَهَا (5) يَوْمَئِذِ يَصِدُرُ النَّاسُ أَشْتَاتًا لِيُرَوْا أَعْمَالَهُمْ (6) فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ (7) وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ (8)

উচ্চারণ: (১) এযা ঝুলঝিলাতিল আরয়ু ঝিলঝা-লাহা (২) ওয়া আখরাজাতিল আরয়ু আছক্কা-লাহা (৩) ওয়া কা-লাল ইনসা-নু মা লাহা? (৪) ইয়াওমাইযিন তুহাদিছু আখবা-রাহা (৫) বেআনা রব্বাকা আওহা লাহা (৬) ইয়াওমায়িযিই ইয়াছদুরুন না-সু আশতা-তাল লেইউরাও আ'মা-লাহুম (৭) ফামাই ইয়া'মাল মিছকা-লা যাররাতিন খায়রাই ইয়ারাহ (৮) ওয়ামাই ইয়া'মাল মিছকা-লা যার্রাতিন শার্রাই ইয়ারাহ ।

পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

অনুবাদ : (১) যখন পৃথিবী তার (চূড়ান্ত) কম্পনে প্রকম্পিত হবে। (২) যখন ভূগর্ভ তার বোঝাসমূহ উদ্দীরণ করবে। (৩) এবং মানুষ বলে উঠবে, এর কি হ'ল? (৪) সেদিন সে (তার উপরে ঘটিত) সকল বৃত্তান্ত বর্ণনা করবে। (৫) কেননা তোমার পালনকর্তা তাকে প্রত্যাদেশ করবেন। (৬) সেদিন মানুষ বিভিন্ন দলে প্রকাশ পাবে, যাতে তাদেরকে তাদের কৃতকর্ম দেখানো যায়। (৭) অতঃপর কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে তা সে দেখতে পাবে (৮) এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে তাও সে দেখতে পাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9153

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন